

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৩৮

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - রাসূলুল্লাহ (সা.) -এর নুবুওয়্যাতপ্রাপ্তি ও ওয়াহীর সূচনা

الفصل الاول (باب المبعث وبدء الْوَحْي)

আরবী

وَعَنْهُ قَالَ: أَقَامَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ خَمْسَ عَشْرَةَ سَنَةً يَسْمَعُ الصَّوْتَ وَيَرَى الضَّوْتَ وَيَرَى الضَّوْتَ وَيَرَى الضَّوْءَ سَبْعَ سِنِينَ وَلَا يَرَى شَيْئًا وَثَمَانِ سِنِينَ يُوحَى إِلَيْهِ وَأَقَامَ بِالْمَدِينَةِ عَشْرًا وَتُوْفِي وَهُوَ ابْنُ خَمْسٍ وَسِتِينَ. مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (لم اجده) و مسلم (123 ، 122 / 2353)، (6104 و 6104) .

(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৮৩৮-[২] উক্ত রাবী [ইবনু আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (নুবুওয়্যাতের পর) মক্কায় পনের বছর অবস্থান করেছেন। সাত বছর অবধি মালাকের (ফেরেশতার) স্বর শুনতেন এবং আলো দেখতে পেতেন। এটা ছাড়া আর কিছুই দেখতেন না। আট বছর তাঁর কাছে ওয়াহী পাঠানো হয়ে থাকে। আর দশ বছর মদীনায় অবস্থানের পর পঁয়য়৳ বছর বয়সে তিনি ইন্তিকাল করেন। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১২৩-(২৩৫৩), মুসনাদে আহমাদ ৯১৫৯, তিরমিয়ী ৩৬২২, আবূ ইয়া'লা ১৫৭৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৪।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (أَقَامَ رَسُولَ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ خَمْسَ عَشْرَةَ سَنَةً) অর্থাৎ রাসূলুল্লাহ (সা.) যে বছর জন্মেছিলেন ও যে বছর তিনি মারা যান সে উভয় বছরসহ।

(سْمَعُ الصَّوْت) তিনি (সা.) জিবরীল (আঃ)-এর আওয়াজ শুনতে পেতেন।

ভিন্তি । তিনি (সা.) সাত বছর এ রকম আলো দেখতে পেতেন। তিনি (সা.) সাত বছর এ রকম আলো দেখতে পান নুবুওয়়াতের নিদর্শন স্বরূপ। তিনি (সা.) এ সময়ে মালাক (ফেরেশতা) দেখতে পেতেন না। তিনি (সা.) মালাক না দেখে কেবল আলো দেখতেন, এতে করে যেন তার ভয় দূর হয়ে যায়। কারণ ভয় পেয়ে তিনি (সা.) হয়তো বেহুশ হয়ে য়েতেন, য়া তার জন্য ক্ষতিকর হত। ইবনুল মালিক (রহিমাহুল্লাহ) বলেন, এতে রহস্য হলো, মালাক আলো থেকে খালি নয়। কিন্তু তিনি য়ি তাকে শুরুতেই দেখতেন তাহলে হয়তো মানুষ হিসেবে সহ্য করতে পারতেন না। এতে তার বেহুশ হওয়ার সম্ভাবনা তৈরি হত। এজন্য তাকে প্রথমে আলো তারপর মালাকের আকারে প্রকাশ করা হয়েছে। ওয়াহী নামিলের পূর্বে প্রথমে আলো দ্বারা তার বক্ষকে খোলা হয়েছে। আর এ বক্ষ খোলাকে আলো হিসেবে নামকরণ করা হয়েছে। তার বয়স চল্লিশে পৌছার আগে তার বক্ষ পূর্ণভাবে খোলেনি। আর এ সময়ে আল্লাহ ও তার বান্দার মাঝে প্রস্তুতিস্বরূপ ছিল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন